

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৯৬২  
জম্মুইজলা, ০২ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
জম্মুইজলা ব্লকের খেলাকুং ভিলেজে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে জম্মুইজলা ব্লকের খেলাকুং দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গনে সম্প্রতি ২ দিনব্যাপী খেলাকুং ও ছয়ঘরিয়া ভিলেজে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন বিধায়ক রামপদ জমাতিয়া। উপস্থিত ছিলেন জম্মুইজলা বিএসি চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা, জম্মুইজলা বিএসি'র ভাইস চেয়ারম্যান নিরঞ্জন কলই, জম্মুইজলা মহকুমার মহকুমা শাসক দেবদাস দেববর্মা, ভারত সরকারের হেল্থ এবং ফ্যামেলি ওয়েলফেয়ার মন্ত্রকের বরিষ্ঠ রিজিওনাল ডাইরেক্টর ডক্টর টি কে ভট্টাচার্য এবং জম্মুইজলা ব্লকের বিডিও কমল দেববর্মা। অনুষ্ঠানে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের পক্ষ থেকে ৩টি স্ব-সহায়ক দলকে ঋণের চেক দেওয়া হয়। এছাড়া সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের ৫ জন গর্ভবতী মহিলাকে পোষন কিট দেওয়া হয়। সুবিধাভোগীদের হাতে সামগ্রীগুলি তুলেদেল অনুষ্ঠানের অতিথিগণ।

শিবিরে ৫২ জনকে এসটি, ২২ জনকে পিআরটিসি, ৫ জনকে ইনকাম ও ৮ জনকে ম্যারেজ সার্টিফিকেট দেওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ২৬ টি গৃহপালিত পশু এবং ৯৬টি পাখির চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পক্ষ থেকে ৪ জনকে কেসিসি এবং ৫ জনকে পি এম কিষাণের ফর্ম বিতরণ করা হয়। মৎস্য দপ্তরের পক্ষ থেকে ৫ জন মাছ চাষীর মধ্যে বিনামূল্যে মাছের ঔষধ বিতরণ করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ১২ জনকে আয়ুস্মান কার্ড এবং ১৩ জনকে চিকিৎসা করে ঔষধ দেওয়া হয়। বন দপ্তরের পক্ষ থেকে ৫০ জনের মধ্যে বিভিন্ন জাতের চারা গাছ বিতরণ করা হয়। এছাড়া পিএমএমভিওয়াই প্রকল্পের সুবিধার জন্য ৪ জন জম্মুইজলা সিডিপিও'র কাছে আবেদন করেন। শিবিরে ২০টি পরিবারকে আর ও আর দেওয়া হয়েছে।

\*\*\*\*\*